13 DEC 1994

তারিখ 13 DEC 1994
পৃষ্ঠা ৭ কলাম ২

দৈনিক সংবাদ

03

### চট্টগ্রাম মেডিক্যাল কলেজ

# ডেন্টাল বিভাগে ৬০ জন ছাত্রের শিক্ষাজীবন প্রায় অনিশ্চিত

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ১২ই ডিসেম্বর।– চট্টগ্রাম মেডিক্যাল কলেজের ডেন্টাল বিভাগের (বি·ডি·এস) অধ্যয়নরত ৬০ জন ছাত্র-ছাত্রীর শিক্ষাজীবন প্রায় অনিশ্চিত হয়ে পড়েছে। বি·ডি·এস কোর্স পরিচালনার জন্য প্রয়োজনীয় বিষয়ভিত্তিক শিক্ষক, যন্ত্রপাতি বা স্বতন্ত্র ডেন্টাল ইউনিট না থাকায় শিক্ষার্থীরা আজ হতাশাগ্রস্ত।

বি·ডি·এস কোর্সের ছাত্র–ছাত্রীরা জানান, বিগত '৮৯-৯০ সালে মেডিক্যাল কলেজ ভবনে চট্টগ্রাম ডেন্টাল কলেজ নাম দিয়ে বি·ডি·এস কোর্সটি চালু করা হয়। পরে স্বতন্ত্র প্রতিষ্ঠান হিসেবে কলেজটি গড়ে তোলার সরকারি পরিকল্পনাও ছিল; কিন্তু কলেজ প্রতিষ্ঠার বিষয়টি এড়িয়ে গিয়ে বর্তমানে তা চট্টগ্রাম মেডিক্যাল কলেজের একটি কোর্স হিসেবে চালু রাখা হয়েছে। প্রতিবছর ২০ জন করে পাঁচ ব্যাচে ১০০ ছাত্র–ছাত্রী ভর্তি হলেও ৪০ জন তদবির করে অন্যত্র বদলি হয়ে গেছে। বাকি ৬০ জন রয়ে গেছে তাদের ভাষ্যানুযায়ী, তারা শুধু বছর গুনছে, বাস্তব শিক্ষার কিছুই পাচ্ছে না। ৯টি ডেন্টাল বিষয়ের মধ্যে মাত্র একটি বিষয়ে বর্তমানে একজন সহকারী অধ্যাপক আছেন, দু'জন প্রভাষক আছেন ডেপুটেশনে। গত পাঁচ বছরে চট্টগ্রাম মেডিক্যাল বি·ডি·এস কোর্সের জন্য কোন শিক্ষকের পদও সৃষ্টি করা হয়নি। ফলে শিক্ষক ও সরঞ্জামের অভাবে ৪র্থ বর্ষের ক্লাস গত পাঁচ মাস ধরে এবং ৩য় বর্ষের ক্লাস দু'মাস ধরে বন্ধ রয়েছে। বি·ডি·এস কোর্সের ছাত্র–ছাত্রীরা চট্টগ্রাম ডেন্টাল কলেজ ছাত্র সংগ্রাম পরিষদ গঠন করে সমস্যা সমাধানের দাবিতে দীর্ঘদিন ধরে আন্দোলন সংগ্রাম করে আসলেও কর্তৃপক্ষ ইতিবাচক কোন পদক্ষেপ না নেয়ায় গত ৬ই নভেম্বর চট্টগ্রাম প্রেসক্লাবের সামনে তারা দিনব্যাপী অনশন কর্মসূচীও পালন করেছে।